# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৬৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. প্রথম অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

بَابُ السُّنَنِ وَفَضَائِلِهَا

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: لَمْ يَكُنِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى شَيْءٍ مِنَ النَّوَافِلِ أَشَدَّ تَعَاهُدًا مِنْهُ على رَكْعَتي الْفجْر

### বাংলা

১১৬৩-[৫] 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নফল সালাতের মাঝে ফাজ্‌রের (ফজরের) দু' রাক্'আত সুন্নাত সালাতের প্রতি যেমন কঠোর যত্ন নিতেন আর কোন সালাতের উপর এত কঠোর ছিলেন না। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১১৬৩, মুসলিম ৭২৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীস প্রমাণ করে যে, ফাজরের (ফজরের) দুই রাক্‘আত সুন্নাতের মর্যাদা অনেক বেশি। অন্যান্য সুন্নাতের তুলনায় এ দুই রাক্‘আত সুন্নাত নিয়মিত আদায় অধিক গুরুত্বপূর্ণ ‘ইবাদাত। এটাও সাব্যস্ত আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুক্বীম অথবা মুসাফির কোন অবস্থায়ই এ দুই রাক্‘আত সালাত পরিত্যাগ করতেন না। এ হাদীস এও প্রমাণ করে এ দুই রাক্‘আত সালাত সুন্নাত, তা ওয়াজিব নয়। জমহূর ‘উলামাদের অভিমতও তাই। হাসান বসরী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি এ দুই রাক্‘আত সালাতকে ওয়াজিব মনে করতেন। তবে বক্ষমান হাদীসে বর্ণিত শব্দ (مِنَ النَّوَافِلِ) ‘‘নফলের মধ্যে’’ অংশটুকু হাসান বসরী (রহঃ)-এর উক্ত অভিমত প্রত্যাখ্যান করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55723

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন